অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের জাতীয়-শীর্ষস্থানীয় বন্দুক আইন আরো জোরদার করতে প্রথম 100 দিনের মধ্যে আইন পাশ করার শপথ নিলেন

লাল পতাকা বিল (Red Flag Bill) পাশ করানোর শপথ নিলেন, যা নিজের বা অন্যের জন্য ঝুঁকি হতে পারে এমন লক্ষণ প্রদর্শনকারী ব্যক্তিদের বন্দুক কেনা ও সাথে রাখা থেকে বিরত রাখে

বাম্প স্টক নিষিদ্ধ (Ban Bump Stocks) করতে এবং বন্দুক কেনার ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় 3 দিন থেকে বৃদ্ধি করে 10 দিন করতে জোর দিবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে শপথ করলেন যে নতুন বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্কের জাতীয়-শীর্ষস্থানীয় বন্দুক আইন আরো জোরদার করতে আইন পাশ করাবেন। প্রথমে, গভর্নর লাল পতাকা বিল পাশ করানোর শপথ নেন, যা চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ বিল (extreme risk protection order bill) নামেও পরিচিত, যা নিজের বা অন্যের জন্য ঝুঁকি হতে পারে এমন লক্ষণ প্রদর্শনকারী ব্যক্তিদের যেকোনো ধরনের আগ্নেয়াস্ত্র কেনা ও সাথে রাখা থেকে বিরত রাখে। এই আইনটি নিউ ইয়র্কের জাতীয়-সর্বোচ্চ শক্তির বন্দুক আইনের সংযোজন, এবং এইট পাশ হলে, এটি নিউ ইয়র্ককে যুক্তরাষ্ট্রের প্রথম স্টেট করবে যেখানে স্কুলের শিক্ষক ও প্রশাসন কোর্টের হস্তক্ষেপের দ্বারা স্কুলে গুলিবর্ষণ প্রতিহত করতে পারবে। পাশাপাশি, গভর্নর বাম্প স্টক নিষিদ্ধ করতে এবং বন্দুক কেনার ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় তিন দিন থেকে বৃদ্ধি করে দশ দিন করতে জোর দিবেন।

"আমাদের জাতির উপর বন্দুক সহিংসতার কষাঘাত এখনকার সবথেকে জরুরি বিষয়, এবং বন্দুক নিরাপত্তা আইন করার জন্য ফেডারেল সরকারের অপেক্ষায় বসে থাকবো না", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের বন্দুক নিরাপত্তা আইন ইতিমধ্যে দেশের শীর্ষস্থানীয়, এবং আমরা আমাদের আইনকে আরো জোরদার করতে এবং আমাদের কমিউনিটি ও স্কুল নিরাপদ রাখতে অতিরিক্ত পদক্ষেপ নিচ্ছি। একসাথে, আমরা এই সাধারণ বুদ্ধির আইন পাশ করবো এবং ওয়াশিংটনকে একটি পরিষ্কার বার্তা পাঠাবো যে আমাদের স্টেট বা দেশে বন্দুক সহিংসতার কোনো স্থান নেই।"

যখন তিনি 2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 Justice Agenda) উদ্যোগসমূহ ঘোষণার অংশ হিসেবে পার্কল্যান্ড গুলিতে নিহত লং আইল্যান্ডের অধিবাসী হাই স্কুল ছাত্র স্কট বেইগেলের ব্যাপারে মন্তব্য করছিলেন তখন, লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, "লাল পতাকা বিলের মতো সাধারণ বুদ্ধির বন্দুক নিরাপত্তা ব্যবস্থাকে জোরদার করতে গভর্নর কুওমোর সাথে আমি গত গ্রীষ্মে স্টেটের স্কুলগুলি পরিদর্শন করেছি। আমরা সেই আইনের জন্য জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি যার ফলে আমরা বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই অগ্রসর করতে পারবো এবং যেসব মানুষ নিজেদের ও অন্যদের ক্ষতি করতে পারে তাদের হাত

থেকে বন্দুক দূরে রাখবো। যখন ফেডারেল সরকার তার নাগরিকদের সুরক্ষা দিতে ব্যর্থ হচ্ছে, নিউ ইয়র্ক অর্থহীন বন্দুক সহিংসতা বন্ধ করতে এবং জীবন বাঁচাতে পথ দেখিয়ে যাবে এবং পলিসি প্রণয়ন করবে।"

লাল পতাকা বিল

নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে এমন কোনো আইন নেই যা ব্যবহার করে কোর্ট সহিংস ব্যবহারের মতো লাল পতাকা আচরণ প্রদর্শন করছে বা নিজের বা অন্যের (যদি না এই অন্য ব্যক্তি কোনো অপরাধ বা পারিবারিক অপকর্মের জন্য অভিযুক্ত হয়) ক্ষতি করতে পারে এমন আচরণ করছে এমন ব্যক্তির কাছ থেকে সাময়িকভাবে আগ্নেয়াস্ত্র জব্দ করতে পারে। পাশাপাশি, দেশের কোনো স্টেটেই এখন পর্যন্ত কোর্টের হস্তক্ষেপের সহায়তায় স্কুলে গুলিবর্ষণ বন্ধ করতে শিক্ষক ও স্কুল প্রশাসনকে অনুমতি দেয় না।

এই আইনের ফলে কোনো যথার্থ প্রক্রিয়ার মধ্য দিয়ে না গিয়ে আগ্নেয়াস্ত্র অপসারণ করা হবে না তা নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদ্ধতিগত সেফগার্ড প্রদান করবে এবং একটি সাথে এটিও নিশ্চিত করবে যে পার্কল্যান্ড ফ্লোরিডার স্কুলে গুলিবর্ষণের মতো দুঃখজনক ঘটনা যাতে আর না ঘটে। এই গণ গুলিবর্ষণের ক্ষেত্রে, যে গুলি চালিয়েছে তার বিরুদ্ধে একাধিক উৎস বিশৃঙ্খল ও বিপজ্জনক আচরণ করার কথা জানিয়েছে কিন্তু তারপরেও সে প্রাণঘাতী আগ্নেয়াস্ত্র কিনতে ও নিজের কাছে রাখতে পেরেছে। প্রকৃতপক্ষে, একটি সাম্প্রতিক বিশ্লেষণ বলে যে অর্ধেকের বেশি গণ গুলিবর্ষণের অপরাধী গুলি করার আগে সতর্কতা সঙ্কেত প্রদর্শন করে। এইসব ক্ষেত্রে একটি চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ অগণিত অপ্রয়োজনীয় মৃত্যু ঠেকাতে পারতো।

এর আগে গভর্নর কুওমো গত জুনে লাল পতাকা বন্দুক সুরক্ষা বিল (Red Flag Gun Protection Bill) পাশ করানোর জন্য গভর্নর পুরো স্টেটে একটি ক্যাম্পেইনের মাধ্যমে ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের থেকে বন্দুক দূরে রাখতে আইন অগ্রসর করেছিলেন। ক্যাম্পেইনে অন্তর্গত ছিল এই বিল ও অন্যান্য সাধারণ বুদ্ধির বন্দুক সংশোধন নিয়ম সমর্থনকারী শিক্ষার্থী, শিক্ষক ও স্কুল প্রশাসকদের সাথে একাত্মতা প্রকাশের জন্য পুরো স্টেটের স্কুলগুলিতে বেশ কিছু বাস ট্যুর।

বাম্প স্টক নিষিদ্ধ

2017 সালের লাস ভেগাস গুলিবর্ষণ যেখানে 58 জন নিহত হয় বাম্প স্টকের প্রাণঘাতী ফলাফল প্রদর্শন করে, কারণ এটি সেমি-অটোম্যাটিক অস্ত্রের সাথে যুক্ত হয়ে মেশিন গানের মতো কাজ করতে পারে। শিকারি বা ক্রীড়াবিদের জন্য বাম্প স্টকের সত্যিকারের কোনো প্রয়োজন নেই এবং এটি কেবলই অনিশ্চিত ও ত্বরান্বিত গুলিবর্ষণের কাজে লাগে। নিউ ইয়র্ক স্টেটে এর বিক্রি চলতে দেওয়ার কোনো কারণ নেই।

ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় বৃদ্ধি

গভর্নর কুওমো পূর্বে যারা আগ্নেয়াস্ত্র ক্রয়ের জন্য জাতীয় তাৎক্ষণিক অপরাধ ব্যাকগ্রাউন্ড চেক সিস্টেম (National Instant Criminal Background Check System, NICS) দ্বারা তাৎক্ষণিকভাবে অনুমোদিত না হয় তাদের জন্য একটি দশ দিনের অপেক্ষা সময়কাল স্থাপন করে একটি অগ্রসর আইন প্রতিষ্ঠা করেন। বর্তমান ফেডারেল আইন অনুযায়ী, আগ্নেয়াস্ত্র বিক্রির পূর্বে বন্দুক ডিলারকে NICS ব্যাকগ্রাউন্ড চেক করতে হবে, যা তাৎক্ষণিকভাবে ডিলারকে তিনটি সম্ভাব্য বিজ্ঞপ্তির একটি প্রদান করবে: "চালিয়ে যান", "অস্বীকৃত", বা "বিলম্বিত"। "বিলম্বিত" উত্তর পেলে, ডিলারকে অবশ্যই বৈধভাবে বিক্রির পূর্বে তিন দিন

অপেক্ষা করতে হবে, যদিও ফেডারেল ইনভেস্টিগেশন ব্যুরো (Fedarel Investigation Bureau, FBI) এই ব্যক্তিদের ব্যাপারে তিন দিনের বেশি সময় ধরে তদন্ত করতে থাকে। প্রায়শই, সম্ভাব্য ক্রেতাটি উপযুক্ত নয় এটি নির্ণয় করার পূর্বেই সেই ব্যক্তি তিন দিনের অপেক্ষার সময় পার করে আগ্নেয়াস্ত্র কিনে ফেলেছে। এই অপেক্ষার সময়কে দশ দিনে বর্ধিত করলে ব্যাকগ্রাউন্ড চেক সম্পূর্ণ করার যথেষ্ট সময় পাওয়া যাবে এবং এটি শুধু উপযুক্ত ব্যক্তিরাই আগ্নেয়াস্ত্র ক্রয় পারবে এই আইন প্রণয়নের প্রচেষ্টার জন্য ইতিবাচক।

"বন্দুক সহিংসতা থেকে জীবন বাঁচাতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর মতো নেতা প্রয়োজন যার সঠিক কাজটি করার সাহস আছে", **বললেন সাবেক কংগ্রেসওম্যান গ্যাব্রিয়েল জিফোর্ডস।** "তিনি বন্দুকের পক্ষে লবিইং এর কারণে হাল ছেড়ে দেননি এবং এমন সব পলিসির জন্য কাজ করে গেছেন যার ফলে নিউ ইয়র্ক জন নিরাপত্তা হুমকির সমাধানে শীর্ষে পৌঁছে গেছে। আজকে স্টেটের আইন প্রণেতাদের সহায়তায় নিউ ইয়র্কের স্কুল, রাস্তাঘাট, গির্জা ও এলাকা আরো ভালোভাবে সুরক্ষা করতে আইন প্রণয়নের জন্য তার নবায়িত প্রচেষ্টার দ্বারা তিনি এই রেকর্ড অব্যাহত রাখলেন। কখনো পিছপা না হওয়ার জন্য আমরা গভর্নরের প্রশংসা করছি এবং নিউ ইয়র্কের কমিউনিটিকে সুরক্ষিত করার জন্য এই নতুন আইনের লড়াইয়ে আমরা তার সাথেই থাকবো।"

সিনেটর ব্রায়ান ক্যাভানাহ বলেন, "নিউ ইয়র্কের SAFE আইন ও অন্যান্য সাধারণ বুদ্ধির বন্দুক সহিংসতা প্রতিরোধ পলিসি প্রণয়নে তার পুরো শাসনামল জুড়ে গভর্নর কুওমোর সাথে যোগ দিতে পেরে আমি গর্বিত। যখন ওয়াশিংটনের রিপাবলিকানরা বার বার আমাদের সুরক্ষা দিতে অস্বীকার জানাচ্ছে, গভর্নর কুওমো, সিনেট এবং অ্যাসেম্বলিতে আমাদের ডেমোক্র্যাট সহকর্মীরা, এবং আমি নিউ ইয়র্কে জীবন রক্ষা করার জন্য আমাদের পক্ষে যা যা করা সম্ভব সব করতে অঙ্গীকারবদ্ধ। বিশেষ করে চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ প্রণয়নে গভর্নরের শক্ত সমর্থনের জন্য আমি সাধুবাদ জানাচ্ছি, কারণ এটি এমন এক বস্তু যা নিজেদের বা অন্যদের ক্ষতি করতে পারে এমন ব্যক্তির হাত থেকে বন্দুক দূরে রাখার জন্য আমরা বহুদিন ধরেই খুজছিলাম। এই বিলের চূড়ান্ত ভাষা ঠিক করতে এবং এই অত্যাবশ্যকীয় আইনটি নতুন অধিবেশনে দ্রুত পাশ করতে আমি উদগ্রীব।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সিমোন বলেন, "যেহেতু গণ গুলিবর্ষণ খুব সাধারণ ঘটনা হয়ে যাচ্ছে, আমাদের কমিউনিটির নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কের সম্ভাব্য সব কিছু করা অতি গুরুত্বপূর্ণ। বন্দুক নিরাপত্তার জন্য গভর্নর কুওমোর অবিচল অঙ্গীকার পুরো জাতির জন্য একটি উদাহরণস্বরূপ এবং বন্দুক নিয়ন্ত্রণে তার এই অব্যাহত অঙ্গীকারের জন্য আমি তার প্রশংসা করছি। লাল পতাকা আইন হিসেবে পরিচিত, চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ আসন্ন বিধানিক অধিবেশনে পাশ করাতে পারা আমাদের জন্য এবং আমি গভর্নরকে এটিকে আইন হিসেবে সাক্ষর করতে দেখার জন্য উদগ্রীব।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেন, "ফেডারেল সরকার যেখানে গণ গুলিবর্ষণ এবং বন্দুক সংক্রান্ত দুঃখজনক ঘটনা দেখেও না দেখার ভান করছে, নিউ ইয়র্ক বন্দুক নিরাপত্তার ক্ষেত্রে পথ প্রদর্শন চালিয়ে যেতে তৈরি। বন্দুক নিয়ন্ত্রণের জন্য গভর্নর কুওমোর সাধারণ বুদ্ধি দূরদৃষ্টি ট্রাম্প প্রশাসনের থেকে একেবারেই ভিন্ন, যারা NRA দ্বারা বাধ্য হয়ে আছে। তার নেতৃত্বের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এবং এই এটিকে আইন হিসেবে পাশ করাতে এবং স্থায়ীভাবে নিউ ইয়র্ক স্টেটে বাম্প স্টক নিষিদ্ধ হওয়াসহ এই অধিবেশনে আমরা যেসব অত্যাবশ্যকীয় বন্দুক নিয়ন্ত্রণ ব্যবস্থায় কাজ করবো তা দেখতে আমি উদগ্রীব।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে, আরো শক্তিশালী বন্দুক নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তার পক্ষে নিউ ইয়র্ক স্টেট জবাবদিহিতা করছে। আমেরিকার ইতিহাসে সবচেয়ে বেশি

পরিমাণে স্কুলে গুলিবর্ষণের ঘটনাবহুল একটি বছর প্রত্যক্ষ করার পর, নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমাদের উপর দায়িত্ব আরোপিত হয় জরুরী, সাধারণ বুদ্ধির ব্যবস্থা গ্রহণের। অনেকগুলো গণ গুলিবর্ষণের ঘটনা এমন মানুষের দ্বারা ঘটেছে যাদের আসলে বন্দুক বহন করতে পারা উচিত ছিল না। গভর্নর কুওমো সনাক্ত করতে পেরেছেন যে বন্দুক ক্রয় একটি সহজ প্রক্রিয়া হওয়া উচিত না, এবং বন্দুক ক্রয়ে অপেক্ষা করার সময় বৃদ্ধি করার পেছনে তার পদক্ষেপের জন্য তার প্রশংসা করি।"

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং ভয়ংকর মানসিকভাবে অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড চেক করা অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণক্ষমতাযুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরো শক্ত হয় এসব বিষয় নিশ্চিত করে। গভর্নর সম্প্রতি আরো একটি আইন পাশ করেছেন যা গৃহ নির্যাতন এবং মারাত্মক বন্দুক সহিংসতার মধ্যে বেশ পরিচিত যোগাযোগকে প্রত্যক্ষ করেন।

প্রমাণ-ভিত্তিক বন্দুক সংক্রান্ত সহিংসতার হার কমিয়ে আনার পদক্ষেপের জন্য গভর্নর জাতীয় স্বীকৃতি পেয়েছেন, যেমন বন্দুক সংক্রান্ত সহিংসতা বর্জন (Gun Involved Violence Elimination, GIVE) পদক্ষেপ এবং সিরাকিউজ সহিংসতা প্রতিকার (Syracuse Cure Violence, SNUG) প্রোগ্রাম, যেগুলো গোলাগুলি এবং অস্ত্র দিয়ে হত্যা বন্ধ করার জন্য একসাথে আইন প্রয়োগ সংস্থা এবং জনসাধারণ-ভিত্তিক সংগঠনের সাথে কাজ করে।

গভর্নর কুওমো বন্দুক সহিংসতা মহামারীর বিরুদ্ধে যুদ্ধ করার জন্য অব্যাহত ফেডারেল নিষ্ক্রিয়তার মুখে গত বছর "বন্দুক নিরাপত্তার স্টেট (States for Gun Safety) " জোট নেতৃত্ব করেন। নিউ জার্সি, কানেটিকাট, এবং রোড আইল্যান্ড, নিউ ইয়র্ক স্টেট একসাথে একটি চুক্তি গ্রহণ করেছে যে তারা অবৈধ বন্দুক খুঁজে আটক করবে, বন্দুক কেনাবেচার ক্ষেত্রে ব্যক্তিগত তথ্য অনুসন্ধান আরো ভালো করে করবে, এবং দেশের প্রথম এলাকাভিত্তিক বন্দুক সহিংসতা গবেষণা কনসোর্টিয়াম তৈরি করবে। ম্যাসাচুসেটস, ডেলাওয়ার, এবং পুয়ের্তো রিকো এই জোটে যোগ দিয়েছে, যে এখন প্রায় 35 মিলিয়নের বেশি আমেরিকানদের প্রতিনিধিত্ব করে। পাশাপাশি, যখন আর কেউ NRA নিয়ে কাজ করতে চায় নি তখন গভর্নর কুওমো তা করেছেন, NRA-ব্র্যান্ডের "ক্যারি গার্ড (Carry Guard) " বীমা প্রোগ্রাম বাতিল করার যুদ্ধে নেতৃত্ব দিয়েছেন, যা শারীরিকভাবে আহত করতে পারে এমন ইচ্ছাকৃত অপরাধমূলক কর্মকাণ্ড যারা ঘটে সেসব বন্দুকধারীদের অবৈধ বীমা সুবিধা প্রদান করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন